

সংবাদ

খুলনা বিশ্ববিদ্যালয়

কর্মকর্তারা দলাদলি আর কোন্দলে লিপ্ত: বললেন ভিসি

রবিব উদ্দিন পাঠ, খুলনা

খুলনা বিশ্ববিদ্যালয়ে রাজনীতি পেশন জট নবই আছে। প্রশাসনিক দপ্তরগুলোতে কোম শৃঙ্খলা নেই। কর্মকর্তা-কর্মচারীদের বেয়াল-খুশিমতো চলছে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম। যয়ং তিনি নিজে বলেছেন, দক্ষ লোকের অভাব রয়েছে।

খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মাসুদুল রহমান গতকাল জার দপ্তরে খুলনার সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা ডেকেছিলেন। ওই সভায় তিনি অনেক খোলাখোলা কথা বলেন। তিনি জানান, প্রশাসনিক দপ্তরে কর্মকর্তারা অর্পিত দায়িত্ব ঠিকভাবে পালন না করে দলাদলি আর কোন্দলে লিপ্ত। যে কারণে প্রশাসনিক দপ্তরে

অসংগত কাজকর্ম অবস্থার সৃষ্টি হয়েছে। তিনি প্রফেসর ড. মাসুদুল রহমান 'সংবাদ'কে জানান, অভ্যন্তরীণ কোন্দল, দলাদলি আর প্রশাসনিক দপ্তরে খুলনা বিশ্ববিদ্যালয় প্রশাসনে বর্তমানে একটি জটিল অবস্থার সৃষ্টি হয়েছে। দক্ষ লোকের প্রচণ্ড অভাব রয়েছে প্রশাসনে। 'দুশ্যত রাজনীতি না থাকলেও দলাদলির অভাব নেই। সাতফীরা ফ্রপ, বাগেরগাট ফ্রপ, খুলনা ফ্রপ নামে প্রশাসনের তেতেরে নানা ফ্রপ রয়েছে। তারা কথায় কথায় বিভিন্ন দপ্তর প্রধানের রুমে জালা মণিয়ে দেয়ার হুমকি দেয়। বিভিন্ন আন্দোল রাজনৈতিক পরিচয়ের ভিত্তিতে এসব কর্মকর্তা ও কর্মচারীকে নিয়োগ দেয়া হয়।

দলাদলি : (পৃ: ১১ ক: ৭)

দলাদলি : কর্মকর্তারা

(১২ পৃষ্ঠার পর)

নিয়োগের সময় তাদের মেধা ও যোগ্যতাকে প্রাধান্য না দিয়ে দলীয় পরিচয়টিকে বড় করে দেখা হয়েছিল। 'যে কারণে ধীরে ধীরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রমে এই জটিল পরিবেশের সৃষ্টি হয়েছে। এটি কাটাতে সময় লাগবে। তিনি 'সংবাদ'কে বলেন, গত ১৯ মে ১১ জনকে বদলি করার ঘটনায় কিছু ভুল হয়েছে। সেখানে পূর্বের প্রতিশ্রুতি বা দক্ষতাকে গাচুই করা হয়নি।